বাঘা যতীনের ভাস্কর্য ভাঙার প্রতিবাদে মানববন্ধন করলেন বঙ্গবন্ধু গবেষণা সংসদ

কুষ্টিয়ার কুমারখালীর কয়া ইউনিয়নে কয়া মহাবিদ্যালয়ের সামনে নির্মিত বৃটিশ বিরোধী আন্দোলনের অগ্রনায়ক বিপ্লবী বীর বাঘা যতীনের ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে মানববন্ধন করেছেন বঙ্গবন্ধু গবেষণা সংসদ।

মঙ্গলবার দুপুরে বাঘা যতীনের ভাস্কর্যের সামনে এই মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গত ১৭ডিসেম্বর দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে দুর্বৃত্তরা ভাস্কর্যটি ভাংচুর করে। এবং ১৯ ডিসেম্বর ভাস্কর্য ভাঙার মুলপরিকল্পনাকারী কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি সহ তিনজনকে গ্রেফতার করে থানা পুলিশ।

মানববন্ধনে উপস্থিত ছিলেন সাবেক বিচারপতি সামছুদ্দিন মানিক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ও সাচিবের যুগ্ম মহাসচিব অধ্যাপক ডা. উত্তম কুমার বড়ুয়া, কুষ্টিয়া ডায়াবেটিস সমিতির সভাপতি মতিয়ার রহমান লাল্টু সহ অনেকে।

সবাইকে সাথে নিয়েই একটা ব্যতিক্রম কুষ্টিয়া গড়তে চান হানিফ

সবাইকে সাথে নিয়েই একটা ব্যতিক্রম কুষ্টিয়া গড়তে চান আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ।

তিনি বলেন, নিরাপদ দেশ ও জেলা গড়তে সবকিছু করা হবে।’এই নাগরিক কমিটি জেলার সামগ্রিক উন্নয়ন, আইনশৃঙ্খলাসহ সব বিষয়ে সচেতনতার সঙ্গে দায়িত্ব পালন করবে। তারাই সমাজের মূল প্রতিনিধি। এই অরাজনৈতিক প্ল্যাটফর্মের সবাই থাকবেন রাজনীতির ঊর্ধ্বে।

উপস্থিত সবাইকে কুষ্টিয়ার প্রাণশক্তি আখ্যায়িত করে তিনি বলেন, ‘আপনাদের নিয়েই একটা ব্যতিক্রম কুষ্টিয়া গড়তে চাই। যেখানে কোনো রাজনৈতিক প্রতিহিংসা বা দলাদলি থাকবে না। নিরাপদ দেশ ও জেলা গড়তে সবকিছু করা হবে।’

সোমবার রাতে শহরের দিশা মিলনায়তনে কুষ্টিয়ার আগামীর উন্নয়ন ভাবনা নিয়ে রাজনৈতিক অঙ্গনের বাইরে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে মতবিনিময় শেষে নাগরিক কমিটির অনুষ্ঠানে তিনি একথা বলেন।

হানিফ বলেন, আপনারা কুষ্টিয়ার উন্নয়নের জন্য বিভিন্ন পর্যায় থেকে যে পরামর্শ দিলেন আমি তা নোট করে রেখেছি। কুষ্টিয়ার উন্নয়নে আমার যে পরিকল্পনা আছে তার বাইরে আপনারা যে পরামর্শ দিলেন তা সমন্বয় করে বাস্তবায়নের চেষ্টা করবো।

তিনি বলেন, কুষ্টিয়া চিনিকল বিদেশি বিনিয়োগের মাধ্যমে আধুনিক চিনিকল প্রতিষ্ঠার চেষ্টা চলছে। পরিবেশগত কারণে মোহিনী মিল আর চালু করা সম্ভব হবে না, তবে সেখানে একটি ঐতিহ্যবাহী জাদুঘর গড়ে তোলার চেষ্টা করবো।আওয়ামীলীগের এই নেতা আরও বলেন, অরাজনৈতিক বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এগিয়ে আসলে সবার সমন্বয়ে উন্নয়ন কাজ দ্রুত বাস্তবায়ন করা সম্ভব হবে।

পরে কুষ্টিয়া মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ এস এম মুসতানজিদকে আহ্বায়ক ও কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক কোষাধ্যক্ষ আইন বিভাগের শিক্ষক সেলিম তোহাকে সদস্যসচিব করে এবং সভায় উপস্থিত সবাইকে সদস্য হিসেবে ঘোষণা করে নাগরিক কমিটির ঘোষণা করেন হানিফ।

সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, প্রকৌশলী, ব্যবসায়ী, কবি, প্রাবন্ধিক, লেখক, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার অন্তত ৫০ জন উপস্থিত ছিলেন। তাঁরা জেলার নানা সমস্যা ও সম্ভাবনা নিয়ে বক্তব্য দেন। সবার বক্তব্য শুনে হানিফ বলেন, জেলার উন্নয়নে আধুনিক মানের হাসপাতাল, ইংরেজি মাধ্যমের উন্নত মানের শিক্ষাপ্রতিষ্ঠানসহ যা যা করা প্রয়োজন, তার সবই করা হবে। তিনি নাগরিক কমিটিকে জেলার উন্নয়নের জন্য সব সময় পরামর্শ ও

সীমান্তে অভিনব অস্ত্র ব্যবহার করেছে চীন, অভিযোগ ভারতের

চীনের পিপলস লিবারেশন আর্মি সীমান্তে চীন এমন অস্ত্র ব্যবহার করেছে, যা প্রথাগত নয়। এমনটাই দাবি করল ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয়।

মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ রিপোর্টের দাবি, এর ফলেই সীমান্ত সমস্যা তীব্র আকার ধারণ করে। ভারত বাধ্য হয় সীমান্তে ট্যাঙ্ক, বন্দুকধারী সেনা মোতায়েন করতে। ২০২০ সালে চীনের সঙ্গে সীমান্ত সমস্যা নিয়ে এমনই পর্যবেক্ষণ ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের। কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক পর্যালোচনায় প্রকাশ পেয়েছে এই নতুন তথ্য।

ভারতের কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে বলা হয়েছে, পূর্ব লাদাখ সীমান্তে স্থিতাবস্থা জোর করে বদল করেছে চীন। তাদের উস্কানিমূলক আচরণ পরিস্থিতিকে আরও সমস্যার দিকে ঠেলে দিয়েছে। প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর ভারত গোলমাল নিয়ন্ত্রণে রাখতে চেয়ে ও পূর্ব লাদাখের শান্তি রক্ষায় কঠোর হয়েছে।

চীনের ঘাড়ে দোষ চাপিয়ে ভারত জানিয়েছে, ভারতীয় সেনা দুই দেশের মধ্যে সমস্ত নীতি ও চুক্তি মেনে চলেছে। কিন্তু চীনের সেনা পরিস্থিতিকে জটিলতার দিকে ঠেলে দিয়েছে অস্ত্র ব্যবহার করে ও বিপুল সংখ্যায় সেনা মোতায়েন করে।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের রিপোর্টে বলা হয়েছে, ‘‘২০ জন ভারতীয় সেনা সেই সময়ে চীনের অনুপ্রবেশ রুখতে গিয়ে সীমান্তে প্রাণ হারিয়েছেন। চীনেরও ক্ষতি হয়েছে।”

তবে এই ঘটনার দায় পুরোটাই চীনা প্রশাসনের উপর চাপিয়েছে ভারত।

বর্ষশেষের পর্যালোচনায় দেখা গিয়েছে, কীভাবে বছর শেষে চীন-ভারত

সীমান্তে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে আগস্ট মাসের শেষের দিকে। চীনা সেনা ভারতীয় ভূখণ্ডে কীভাবে প্রবেশের চেষ্টা করেছে একাধিকবার, সেটিও রিপোর্টে বলা হয়েছে।

তবে পাশাপাশি রিপোর্টে এটাও বলা হয়েছে, শীতকালে যাতে সীমান্তে সমস্যা না হয়, শীতের সঞ্চয় সেই কারণে আগে থেকেই করা হয়েছে ওই সীমান্তে। চীনের সেনারা আবার কোনও সমস্যা করলে যাতে সীমান্তে ভারত মোকাবিলা করতে পারে, সেই বিষয়টিও নজরে রেখেছে ভারতীয় সেনাবাহিনী। যেকোনও পরিস্থিতির জন্য ভারতীয় সেনাবাহিনী তৈরি, তবে দু-দেশের মধ্যে আলোচনা চলছে সীমান্ত সমস্যা মিটিয়ে ফেলার জন্য। সূত্র: আনন্দবাজার

আফ্রিকায় ভয়ঙ্কর নতুন ভাইরাসের সন্ধান, বিশ্বজুড়ে আরও ভয়াবহ মহামারীর আশঙ্কা!

মানবশরীরের পক্ষে মারাত্মক এখনও বেশ কিছু ভাইরাস বাসা বেঁধে রয়েছে আফ্রিকার বনে, যার জেরে বিশ্বে একাধিক মহামারী দেখা দিতে পারে। এমনই সতর্কবাণী দিয়েছেন চার দশক আগে ইবোলা ভাইরাস সন্ধানী বিজ্ঞানী।

তার সাবধান বার্তা উসকে দিয়ে সম্প্রতি কঙ্গো প্রজাতন্ত্রের প্রান্তিক শহর ইনগেন্ডেতে এক নারীর শরীরে দেখা দিয়েছে অজানা জ্বর ও রক্তক্ষরণের উপসর্গ। খবর ডেকান হেরাল্ড, সিএনএন ও হিন্দুস্তান টাইমসের।

সংবাদসংস্থা সিএনএন জানিয়েছে, অসুস্থ হওয়ার পর একাধিক রোগের আশঙ্কায় ওই নারীকে ইবোলা-সহ নানা ভাইরাসের খোঁজে অনেক পরীক্ষা- নিরীক্ষা করার পরও কোনও নির্দিষ্ট জীবাণুকে চিহ্নিত করা যায়নি। এই কারণে, অজানা এই উপসর্গকে ‘ডিজিজ এক্স’ বা এক্স অসুখ নামে চিহ্নিত করেছেন চিকিৎসকরা।

বিশেষজ্ঞদের দাবি, অজ্ঞাতপরিচয় এই রোগ কোভিড-১৯ এর মতোই দ্রুত ছড়িয়ে যেতে পারে। কিন্তু তার মারণ ক্ষমতা প্রায় ইবোলার মতো অর্থাৎ ৫০ থেকে ৯০ শতাংশ। যদিও ইবোলা সদৃশ উপসর্গে ভোগা ওই নারী আপাতত সুস্থ হয়ে উঠেছেন।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে, অপ্রত্যাশিত ডিজিজ এক্স এই মুহূর্তে ধারণাভিত্তিক হলেও ব্যাপক সংক্রমণ ঘটলে বিশ্বজুড়ে ভয়াবহ অতিমারী দেখা দিতে পারে।

১৯৭৬ সালে ইবোলা ভাইরাস চিহ্নিত করার অন্যতম পথিকৃৎ অধ্যাপক জাঁ-জ্যাক মুয়েম্বে তামফুম জানিয়েছেন, “আমরা এমন এক পৃথিবীতে এখন বাস করছি, যেখানে নিত্যনতুন জীবাণু দেখা দিতে পারে। আর সেটাই মানব সভ্যতার পক্ষে আতঙ্কের।”

এই সমস্ত জীবাণু যে কোভিড-১৯ এর চেয়েও ভয়ঙ্কর সংক্রমণ ঘটাতে সক্ষম হবে, তাও জানিয়েছেন এই অধ্যাপক।

মুয়েম্বের মতে, ভবিষ্যতে পশুদেহ বাহিত বেশ কিছু ভাইরাস মানবশরীরে সংক্রমিত হয়ে ভয়াবহ রোগ ছড়াবে। বর্তমানে আমেরিকার ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়তায় কিনশাসা শহরে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োমেডিক্যাল রিসার্চ সংস্থা চালান মুয়েম্বে।

সিএনএন-কে তিনি জানিয়েছেন, “যদি আফ্রিকা থেকে কোনও জীবাণু আত্মপ্রকাশ করে, তা হলে তা গোটা বিশ্বে ছড়িয়ে পড়তে সময় নেবে। নতুন ভাইরাস যদি তাড়াতাড়ি ধরা পড়ে, তা হলে ইউরোপ ও সমগ্র বিশ্বে তার মোকাবিলায় নতুন কৌশল উদ্ভাবন করার সম্ভাবনা থাকবে।”

প্রসঙ্গত, কোভিড সংক্রমণ সৃষ্টিকারী সার্স কভ-২ ভাইরাস চীন থেকে উৎপন্ন হয় বলে মনে করা হয়। এই ভাইরাস আদতে বাদুড়-বাহিত বলে মত বিশ্বের অধিকাংশ বিজ্ঞানীর। পশুদেহ বাহিত ভাইরাস মানবশরীরে ছড়িয়ে পড়ার কারণ হিসেবে তারা অরণ্য উচ্ছেদ ব্যবস্থাকে দায়ী করেছেন।

ফের পেছাল নাইকো মামলায় খালেদার বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি

নাইকো মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানির তারিখ ফের পিছিয়ে ১৯ জানুয়ারি ধার্য করেছেন আদালত।

মঙ্গলবার মামলার অভিযোগ গঠনের শুনানির জন্য দিন ধার্য ছিল। কিন্তু খালেদা জিয়া অসুস্থ থাকায় আদালতে উপস্থিত হননি। এজন্য তার আইনজীবী জিয়া উদ্দিন জিয়া সময়ের আবেদন করেন।

কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারের সামনে নবনির্মিত দুই নম্বর ভবনে স্থাপিত অস্থায়ী ঢাকার ৯ নম্বর বিশেষ জজ শেখ হাফিজুর রহমান সময়ের আবেদন মঞ্জুর করে নতুন এ দিন ধার্য করেন।
খালেদা জিয়ার আইনজীবী জিয়া উদ্দিন জিয়া বিষয়টি নিশ্চিত করেছেন।

কালীগঞ্জে গৃহহীনকে পাকা ঘর উপহার

মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উপহার হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) সুবোল বোস মনিরের নিজস্ব অর্থায়নে কোলা ইউনিয়নের খালকুলা গ্রামে নির্মিত ঘরের শুভ উদ্বোধন এবং উপকারভোগীর নিকট ঘরের চাবি হস্তান্তর করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত সচিব সুবোল বোস, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রানী সাহা। নতুন ঘর পেয়ে উপকার ভোগী পরিবার আবেগে আপ্লুত হয়ে প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু কামনা করেন।

এ সময় জেলা মৎস্য অফিসার (যশোর), উপজেলা প্রাণিসম্পদ অফিসার (কালীগঞ্জ), উপজেলা মৎস্য অফিসার, কোলা ইউপি চেয়ারম্যান সহ

স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এছাড়াও কালীগঞ্জের বিভিন্ন এলাকায় গৃহহীনদের ঘর নির্মাণের কাজ চলমান রয়েছে।

বিভিন্ন স্থানে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়ার কুমারখালীতে সরকারি উদ্যোগে ৪০০ দুস্থ ও অসহায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার দুপুরে উপজেলার চাপড়া ইউনিয়ন পরিষদ চত্বরে আনুষ্ঠানিকভাবে কম্বলগুলো বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খান।

এ সময় চাপড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনির হাসান রিন্টুর সার্বিক তত্বাবধায়নে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাহমুদুল হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা সাঈদ হাসানসহ উপস্থিত অতিথি বৃন্দ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেন।

ঝিনাইদহ প্রতিনিধি জানান, ঝিনাইদহ সদর, সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ত্রিমোহনী ইসলামী সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সংস্থাটির সভাপতি জনাব ওমর ফারুক।

ওমর ফারুক বলেন, ইসলামী সমাজ কল্যাণ সংস্থা একটি সেবামূলক প্রতিষ্ঠান। বিভিন্ন অসহায় ব্যক্তিদের চিকিৎসা সহায়তা, অর্থ সহায়তা, রক্তদান, শীতবস্ত্র বিতরণ, দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি ও বই উপহার সহ নানারকম সমাজ সেবামূলক কাজ করে যাচ্ছে এবং ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে ইনশাআল্লাহ।

এ সময় উপস্থিত ছিলেন, সংস্থার কোষাধ্যক্ষ মোঃ ফরহাদ মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক কাকন ভূঁইয়া, প্রচার বিষয়ক সম্পাদক, সোহেল রানা, রিয়াদ আহাম্মেদ সহ সংস্থার অন্যান্য নেতৃবৃন্দ।



জীবননগর অফিস জানায়, জীবননগর স্বেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে অসহায় দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।
গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর পৌর সভার বিভিন্ন স্থানে ১০০ জন শীতার্ত মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপাধ্যক্ষ নজরুল ইসলাম, যাদবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আঃ সামাদ, শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান, সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ ,

সদস্য মফিজুল ইসলাম, জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী, সদস্য ঐশ্বর্য সাহা, মিম, ওমর ফারুক, রিয়াজ, সাদিয়া, তনু, রুবিনা স্বপ্নাসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যগণ।

ভেড়ামারার সাবজোনে আখ না নেওয়ায় আখ পুড়িয়ে দিলেন কৃষক

কুষ্টিয়া সুগার মিলে আখ না নেওয়ায় গতকাল সোমবার ২ একর জমির দণ্ডকৃত আখ পুড়িয়ে দিলেন কৃষক আঃ ওয়াহেদ। এছাড়াও সুগার মিলের শ্রমিকরা বেতন ভাতা, ওভার টাইম পরিশোধ ও চাকরি নিশ্চিতের দাবীতে বিক্ষোভ করেছে।

কৃষকদের অভিযোগে জানা গেছে, ভেড়ামারার সাবজোন ভবানীপুর আখ ক্রয় কেন্দ্রের অধীনে ৪৭ নং ইউনিট চকমাদিয়া গ্রামের কৃষক আঃ ওয়াহেদ

তার নিজ ২ একর জমির দন্ডকৃত আখ পুড়িয়ে দিয়েছে।

কৃষক আঃ ওয়াহেদ জানান, চকমাদিয়া মাঠে ২ একর জমিতে আখ চাষ করি। জগতি সুগার মিল আখ নেওয়া বন্ধ করে দেওয়ায় জমির আখ গুলো পুড়িয়ে দিয়েছি।

এছাড়াও বেতন ভাতা, ওভার টাইম পরিশোধ ও চাকরি নিশ্চিতের দাবীতে বিক্ষোভ করেছে কুষ্টিয়া সুগার মিলের ফ্যাক্টরি কানামুনা শ্রমিকরা। কুষ্টিয়া সুগার মিলের প্রধান ফটকে এ বিক্ষোভ করেন তারা। প্রায় ১১৫ জন কর্মরত শ্রমিক কুষ্টিয়া সুগার মিলের ফ্যাক্টরিতে কর্মরত ছিলেন। হঠাৎ কুষ্টিয়া সুগার মিল কর্তৃপক্ষ কাজে না আসার কথা জানালে নিরাসায় ভুগছেন শ্রমিকরা।

কুষ্টিয়া সুগার মিলের ফ্যাক্টরি কর্মরত শ্রমিক আফতাব হোসেন জানান, ১৯৯৭ সাল থেকে আমি কর্মরত আছি। মন্ত্রী বলেছিলেন, আখ মৌসুম বন্ধ হলেও শ্রমিকদের চাকরি যাবেনা।

কিন্তু বর্তমানে আমাদের লিখিত ডকুমেন্ট ছাড়াই মৌখিক ভাবে কাজে আসতে নিষেধ করলেন কর্তৃপক্ষ। আমরা আমাদের সংসার নিয়ে এখন রাস্তায়। আমরা এখনো ৬ মাসের বেতন, ভাতা ও ওভারটাইমের টাকা পাবো। এখন যদি আমরা কাজ না করি বকেয়া টাকাও না পাই তাহলে আমাদের জীবন অনিশ্চিত হয়ে যাবে।

শুধু আফতাব নয় তার মত একই হতাশাই ভুগছেন রতন, আব্দুল মান্নান, রুবেল হোসেন,বশির আহম্মেদসহ ১১৫ জন কর্মরত শ্রমিক। শ্রমিকদের দাবী গ্যারেজ, অফিস ও কোন কোন বিভাগে কর্মরত শ্রমিক এখনো কর্মরত আছেন কিন্তু শুধু আমাদের ফ্যাক্টরিতে কর্মরত শ্রমিকদের বাদ দেয়া হলো কেন। বাদ দিলে সকল বিভাগের কানামুনাদের বাদ দিতে হবে।

বিক্ষোভে প্রধানমন্ত্রী ও শিল্পমন্ত্রীর কাছে বেতন ভাতা, ওভার টাইম পরিশোধ ও চাকরি নিশ্চিতে দাবী করেন কুষ্টিয়া সুগার মিলের ফ্যাক্টরি কর্মরত শ্রমিকরা। শ্রমিকরা যেন এমন অবস্থায় পরিবার নিয়ে পথে না বসে এই দৃষ্টি আকর্ষন করেন এবং অনুদান সহ সরকারি সহযোগিতা কামনা করেন তারা।

শৈলকুপায় আওয়ামী লীগ প্রার্থী কাজী আশরাফুল আজমের জনসভা

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত মেয়র পদপ্রার্থী কাজী আশরাফুল আজমের নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকাল ৪ টায় স্থানীয় চৌরাস্তা মোড়ে অনুষ্ঠিত সভায় পৌর আওয়ামী লীগের সভাপতি ও মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সদস্য পারভীন জামান কল্পনা।

অনুষ্ঠান পরিচালনা করেন খাইরুল ইসলাম মুকুল বক্তব্য রাখেন, জেলা আওআমী লীগের সহ-সভাপতি মকবুল হোসেন, তৈয়ব আলী জোয়ার্দার, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক ও পিপি এডঃ ইসমাইল হোসেন, সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম আহ্বায়ক সরোয়ার জাহান বাদশা, দপ্তর সম্পাদক আসাদুজ্জামান আসাদ, উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক মতিয়ার রহমান,

সাবেক উপজেলা চেয়ারম্যান নায়েব আলী জোয়ার্দার, মুক্তার আহমেদ মৃধা, উপজেলা কৃষক লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, মনোহরপুর ইউপি চেয়ারম্যান ও সাবেক সাধারণ সম্পাদক উপজেলা আওয়ামী লীগ মোস্তফা আরিফ রেজা মন্নু,সাবেক ছাত্র নেতা আব্দুল হান্নান, জুলফিকার কায়সার টিপু, শামসুল ইসলাম জোহা, শাকিল আহমেদ, আবুজর গিফারী গাফ্ফার, মহিদুল ইসলাম মন্নু, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক এড. আবুল কালাম আজাদ প্রমুখ।

এছাড়াও অপর দুটি জনসভা মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজমের প্রধান কার্যালয় ও কবিরপুরে অনুষ্ঠিত হয়।

কেমন আছেন কালীগঞ্জের ছাত্রলীগের সাবেক নেতারা!

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলে যে ছাত্র সংগঠনটির জন্ম, অনেক চড়াই উৎরাই পেরিয়ে গতকাল সোমবার ৭৩ বছর পূর্ণ করছে সেই ছাত্র সংগঠনটি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সংগঠনটি প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠাকালীন এর নাম ছিল পূর্ব পাকিস্থান মুসলিম ছাত্রলীগ। পাকিস্থান আমলেই মুসলিম শব্দটি বাদ দেয়া হয়। স্বাধীনতার পর নাম হয় বাংলাদেশ ছাত্রলীগ।

১৯৮৩ সালে কালীগঞ্জ উপজেলা প্রতিষ্ঠা করার পর থেকে বর্তমান কমিটি পর্যন্ত ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক পদে এসেছেন ১২ জন। আহবায়ক ছিলেন ২ জন। আর ভারপ্রাপ্ত সভাপতি ছিলেন ২ জন ও ১জন ছিলেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক । সাবেক এই ছাত্র নেতাদের মধ্যে অনেকে বেঁচে নেই। বর্তমানে আওয়ামী লীগে সাবেক ছাত্রনেতাদের নেই কোন পদ। জাহাঙ্গীর হোসেন সোহেল কালীগঞ্জ উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক পদে দায়িত্ব পালন করছেন। বাকীরা সবাই পদহীন রয়েছেন।

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় প্রথম ছাত্রলীগের কমিটি হয় ১৯৮৭ সালে। সেই সময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র মাছুদ সাজ্জাদ সভাপতি হন। বর্তমানে তিনি শহীদ নূর আলী কলেজের শিক্ষকতা করছেন। তার সময়ে সাধারণ সম্পাদকের দায়িত্বে ছিলেন মতিয়ার রহমান মতি। এই কমিটির সাংগঠনিক সম্পাদক ছিলেন আনিচুর রহমান মানু। তিনি বর্তমান কালীগঞ্জ কোয়ালিটি ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষক।

১৯৮৯ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত ছাত্রলীগের সভাপতি হন মতিয়ার রহমান মতি। পরে উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদকের পদেও ২বার দায়িত্বে ছিলেন। ২০১৪ সালে কালীগঞ্জ উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস-চেয়ারম্যান পদে নির্বাচিত হন তিনি। তার সময় সাধারণ সম্পাদক হিসেবে ছিলেন উপজেলার খামার মুন্দিয়া গ্রামের আদিল উদ্দীন মন্ডলের ছেলে মোস্তাফিজুর রহমান মন্নু। তিনি ১০/১২ বছর আগে হৃদ রোগে আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেন।

১৯৯৩ থেকে ১৯৯৭ পর্যন্ত এই সংগঠনের আহবায়ক ছিলেন রেজাউল ইসলাম। রাজনীতিতে থাকলেও তেমন সরব নন। তিনি বর্তমানে ব্যবসায়ী। তার সময় যুগ্ম-আহবায়ক ছিলেন নজরুল ইসলাম। বর্তমানে তিনি মোবারকগঞ্জ

সুগার মিলে চাকুরী করেন।

১৯৯৭ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত সংগঠনের সভাপতি নির্বাচিত হন রেজাউল করিম রেজা। ১৯৯৮ সালে দলীয় কোন্দলে দুর্বৃত্তদের হাতে মাহতাব উদ্দীন ডিগ্রী কলেজ মাঠে নিহত হন। রেজা সভাপতি থাকা কালীন সাধারণ সম্পাদক পদে ছিলেন মোঃ ইদ্রিস আলী। বর্তমানে তিনি ব্যবসা করেন। রেজা মারা যাওয়ার পর ভারপ্রাপ্ত সভাপতি হন নজরুল ইসলাম। কিছুদিন পরে উপজেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা করেন।

২০০১ সালে আবার উপজেলা ছাত্রলীগের আহবায়ক কমিটি করা হয়। আহবায়ক হন মোস্তাফিজুর রহমান বিজু। তিনি ২০১১ সালে কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের টিকিট পেয়ে মেয়র নির্বাচিত হন। পরে তিনি কেন্দ্রীয় যুবলীগ সদস্য পদ লাভ করেন। বিজুর সময় যুগ্ম-আহবায়ক ছিলেন আব্দুল গাফ্ফার। তিনিও বর্তমানে ব্যবসা করেন।

কালীগঞ্জ উপজেলা যুবলীগের বর্তমান কমিটির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন সোহেল। ২০০৩ সাল থেকে ২০১৪ পর্যন্ত কালীগঞ্জ উপজেলা ছাত্রলীগের সভাপতির দায়িত্ব পালন করেন। সক্রিয় রাজনীতির পাশাপাশি তিনি জেলা পরিষদের সদস্য নির্বাচিত হন। সোহেল সভাপতি থাকাকালীন সাধারণ সম্পাদকের পদে ছিলেন নাছির উদ্দীন পলাস। রাজনিতী ছেড়ে তিনি চাকুরীতে চলে যান। তিনি বর্তমানে ব্র্যাক ব্যাংকে চাকুরী করেন। পরে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হন জাকির হোসেন। তিনি বর্তমানে মোবারকগঞ্জ সুগার মিলে চাকুরী করেন।

২০১৪ থেকে ২০১৭ পর্যন্ত উপজেলা ছাত্রলীগের সভাপতির পদে ছিলেন ইসরাইল হোসেন। ২০১৫ সালে তিনি মাহতাব উদ্দীন ডিগ্রী কলেজে শিক্ষক হিসেবে যোগদান করেন। ইসরাইল শিক্ষকতা শুরু করলে ২০১৭ সালে সহ-সভাপতি আনিচুর রহমান মিঠু মালিতা ভারপ্রাপ্ত সভাপতি হন। ইসরাইলের সময় সাধারণ সম্পাদক ছিলেন কাজী রিপন। বর্তমানে দলীয় কোন পদ নেই তাদের।

বর্তমানে কালীগঞ্জ উপজেলা ছাত্রলীগের সভাপতির পদে রয়েছেন মোঃ নাজমূল হাসান। তার বাড়ি মল্লিকপুরে। এ ছাড়া বর্তমান সাধারণ সম্পাদক হলেন মনির হোসেন সুমন। তার বাড়ি পৌরসভার আড়পাড়া গ্রামে। এরা দুজনই শিক্ষার্থী।

সংগঠনটি বাংলাদেশ আওয়ামী লীগের শিক্ষাপ্রাতিষ্ঠানিক অঙ্গ সংগঠন হিসেবে পরিচিত। বাংলাদেশ ছাত্রলীগের ইতিহাস গৌরব, ঐতিহ্য, সংগ্রাম ও সাফল্যে মণ্ডিত। ১৯৪৮ সাল থেকে শুরু করে বর্তমান

পর্যন্ত দেশ ও জনগণের স্বার্থরক্ষার্থে প্রত্যেকটি আন্দোলনে বাংলাদেশ ছাত্রলীগ প্রধান ভূমিকা রেখেছে। তবে তৃণমূলের বিভিন্ন ইউনিটের অপকর্মের ভারও সইতে হচ্ছে ছাত্রলীগকে।